

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যাকে বিবাহ করব, তাকে তার অজান্তে লুকিয়ে দেখতে পারি কি?

বিয়ের আগে কনেকে দেখে নেওয়া বিধেয়। যাকে পছন্দ অপছন্দ করার মতো সুযোগ হাতছাড়া না হয়ে যায়। সুতরাং যদি কেউ বিবাহ করার পাক্কা নিয়তে নিজ পাত্রীকে তার ও তার অভিভাবকের অজান্তে গোপনে থেকে লুকিয়ে দেখে, তাহলে তাও বৈধ। তবে এমন স্থান থেকে লুকিয়ে দেখা বৈধ নয়, য়েখানে সে তার একান্ত গোপনীয় অঙ্গ প্রকাশ করতে পারে। অতএব স্কুলের পথে বা কোন আত্নীয়ের বাড়িতে থেকেও দেখা যায়। প্রিয় নবী (সঃ) বলেন, "য়খন তোমাদের কেউ কোন রমণীকে বিবাহের প্রস্তাব দেয়, তখন য়দি প্রস্তাব এর জন্যই তাকে দেখে, তবে তা দূষণীয় নয়; য়িদও রমণী তা জানতে না পারে।" ৫৬৮ (সিঃ সহীহাহ ৯৭ নং)

সাহেবী জাবের বিন আব্দুল্লাহ বলেন, 'আমি এক তরুণীকে বিবাহের প্রস্তাব দিলে তাকে দেখার জন্য লুকিয়ে থাকতাম। শেষ পর্যন্ত আমি তার সেই সৌন্দর্য দেখলাম, যা আমাকে বিবাহ করতে উৎসাহিত করল। অতঃপর আমি তাকে বিবাহ করলাম।' ৫৬৯ (সিঃ সহীহাহ ৯৯ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=445

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন